প্রগতিশীল প্রযুক্তি
অন্তর্ভুক্তিমূলক উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প(২য় পর্যায়)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আইসিটি টাওয়ার, আগাঁরগাও, ঢাকা- ১২০৭
www.srdl.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

জরুরি

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.২৩.৪৮৬

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪৩০
১৮ মে ২০২৩

বিষয়: **শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষকগণের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সহযোগিতা প্রদান সংক্রান্ত।**

সূত্র: ০১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর সাথে ৩০/০৫/২০১৯ সম্পাদিত সমঝোতা স্মারক।
০২। শিক্ষা মন্ত্রণালয়ের ২৩/১০/২০১২ তারিখের ৭২৩ নং স্মারকে জারীকৃত ল্যাব পরিচালনা নীতিমালা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, দেশব্যাপী গুণগত শিক্ষার মানোন্নয়ন ও ডিজিটাল অবকাঠামো উন্নয়নের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কাজ করে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। "শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প" এ অধিদপ্তরের একটি ফ্লাগশিপ প্রকল্প। প্রকল্পের আওতায় ১ম পর্যায়ে সারাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৪০০১টি ও ২য় পর্যায় ৫০০০টিসহ মোট ৯০০১টি ল্যাব স্থাপন করা হয়েছে। পরবর্তীতে ৩০০টি সংসদীয় আসনে ৩০০টি "শেখ রাসেল স্কুল অফ ফিউচার" স্থাপন করা হয়েছে।

০২। ল্যাবসমূহ পরিচালনা, ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য ল্যাব প্রাপ্ত প্রত্যেক প্রতিষ্ঠান হতে ৪ জন করে মোট ৩৬,০২০ জন শিক্ষককে ১০ দিন ব্যাপী **"আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলস্যুটিং ও মেইনটেন্যান্স"** বিষয়ক প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ৯টি ভেন্ডর প্রতিষ্ঠানের মাধ্যমে উক্ত প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রতিষ্ঠান প্রধানগণের নিকট হতে প্রশিক্ষণার্থী শিক্ষকের তথ্য এ সংক্রান্তে তৈরীকৃত সফটওয়্যারে এন্ট্রি সম্পন্ন হয়েছে। শীঘ্রই প্রশিক্ষণটি শুরু হবে।ইতোমধ্যে ৯টি ভেন্ডর প্রতিষ্ঠান নির্বাচন করে চুক্তিপত্র সম্পাদন করা হয়েছে। প্রতি ব্যাচে ২০ জন হিসেবে প্রত্যেক ভেন্ডর প্রতিষ্ঠান গড়ে ২০০টি ব্যাচে প্রশিক্ষণ প্রদান করবে। উপজেলা সদর/নিকটবর্তী সুবিধাজনক শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাবে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। জেলা/উপজেলা কার্যালয়ের প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামারগণ প্রশিক্ষণ কার্যক্রমটির সার্বিক তদারকী ও সমন্বয় করবেন। প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ নিম্নবর্ণিতভাবে প্রস্তুত করা প্রয়োজনঃ

ক) প্রতিষ্ঠান থেকে তার মনোনীত শিক্ষকগণের নির্ধারিত সময়ে প্রশিক্ষণে উপস্থিতি ও অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
খ) ল্যাবের ল্যাপটপ, এলইডি টিভি, মাল্টিমিডিয়া, রাউটার ও অন্যান্য সামগ্রী প্রয়োজনীয় মেরামত ও সম্পূর্ণ ব্যবহার উপযোগী করতে হবে।
গ) ল্যাবে সার্বক্ষণিক নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সংযোগ নিশ্চিত করতে হবে।
ঘ) ল্যাবে ইন্টারনেট সংযোগ সার্বক্ষণিক সচল, মানসম্মত ও নিরবিচ্ছিন্ন রাখতে হবে।
ঙ) ল্যাব নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
চ) প্রশিক্ষণ চলাকালীন প্রয়োজনীয় সাপোর্ট প্রদান করতে হবে।
ছ) ল্যাবসহ প্রতিষ্ঠানের নিরাপত্তা জোরদার করতে হবে।
জ) প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন / সম্প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
ঝ) প্রতিষ্ঠানের গভর্ণিং বডি/ ম্যানেজিং কমিটি/ পরিচালনা কমিটির সভায় প্রশিক্ষণের বিষয়টি বিস্তারিত আলোচনা করে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।
ঞ) প্রশিক্ষণ শেষে আইসিটি অধিদপ্তরের উপজেলা কার্যালয়ের সহকারী প্রোগ্রামার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও ভেন্যুর প্রতিষ্ঠান প্রধান এর যৌথ স্বাক্ষরে প্রত্যয়ন প্রদান করতে হবে।
ট) জেলা/উপজেলা কার্যালয়ের প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার ও ভেন্ডর প্রতিষ্ঠান কর্তৃক চাহিত অন্য যে কোন সহযোগিতা প্রদান করতে হবে।

০৩। এমতাবস্থায়, প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে আয়োজন ও সম্পন্ন করার নিমিত্ত বর্ণিত সকল বিষয়ে প্রয়োজনীয় সকল সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৮-৫-২০২৩

এস এ এম রফিকুন্নবী
অতিরিক্ত মহাপরিচালক (যুগ্মসচিব) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও প্রকল্প পরিচালক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)
ফোন: ০২-৫৫০০৬৮২৬
ফ্যাক্স: ০২-৫৫০০৬৮২৬
ইমেইল: pdsrdl@doict.gov.bd

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপারিনটেনডেন্ট
...................................
কলেজ/বিদ্যালয়/মাদরাসা।
................................।

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.২৩.৪৮৬/১(৫১২)

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪৩০
১৮ মে ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৩) মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর।
৪) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৫) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম।
৬) জেলা প্রশাসক (সকল)।
৭) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ(মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের অবগতির জন্য)।
৮) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯) সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের অবগতির জন্য)।
১১) উপ-পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা(সকল অঞ্চল)।
১২) জেলা শিক্ষা অফিসার(সকল){তাঁর জেলাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ}।
১৩) প্রোগ্রামার (সকল), জেলা কার্যালয়......................., তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
১৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১৫) সহকারী প্রোগ্রামার(সকল), উপজেলা কার্যালয়...................,জেলা................ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
১৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(সকল){তাঁর উপজেলাধীন শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত সকল প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ}।

১৮-৫-২০২৩
এস এ এম রফিকুন্নবী
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)